# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক


## প্রধান কার্যালয়, রাজশাহী
## শাখা নিয়ন্ত্রণ বিভাগ

ফোন নং ০২৪৭-৮৬০৫১৯
ই-মেইলঃ dgmbcd@rakub.org.bd
ওয়েবসাইটঃ www.rakub.org.bd


**শানিবি সার্কুলার লেটার নং-০২/২০১৭** **তারিখ ঃ ০৯ মে, ২০১৭।**

**বিষয় ঃ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সঞ্চয়ী স্কীম (আরএসএস) হিসাব পুন:বৈধকরণ প্রসংগে।**

শাখা নিয়ন্ত্রণ বিভাগের ০৮.০৯.২০০৮ তারিখের পরিপত্র নম্বর-০২/২০০৮ মাধ্যমে অত্র ব্যাংকে "রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সঞ্চয় স্কীম (আরএসএস)" নীতিমালা জারী করা হয়। উক্ত নীতিমালার ৭ এর ক, খ ও গ উপ-অনুচ্ছেদে কোন হিসাবধারী কর্তৃক কোন মাসের কিস্তি নির্ধারিত সময়ের মধ্যে জমাদান করা না হলে কিভাবে হিসাবটি পুন:বৈধকরণ করা যাবে সে বিষয়ে বিধানাবলী বর্ণনা করা আছে। এতদসত্ত্বেও মাঠ পর্যায় হতে বিভিন্ন সময়ে কিস্তি জমাদান সংক্রান্ত বিভিন্ন অনিয়মের ব্যাপারে ব্যাখ্যা চাওয়া হয় যা মূল পরিপত্রের ধারণার সাথে সংগতিপূর্ণ নয়।

০২। উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে আরএসএস হিসাব পুন:বৈধকরণের বিদ্যমান নীতিমালার শর্তের সাথে সমন্বয় করে কিছু বর্ধিত সুবিধাসহ একটি সার-সংক্ষেপ রাকাব পরিচালনা পর্ষদের ০৪ এপ্রিল, ২০১৭ তারিখে অনুষ্ঠিত ৪৫২ তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে যা নিম্নরূপ:

ক) রাকাব সঞ্চয়ী স্কীম (আরএসএস) হিসাব খোলার এক বছরের মধ্যে সর্বোচ্চ তিন মাসের কিস্তি (পরপর বা বিভিন্ন মাসে) নির্ধারিত সময়ের মধ্যে গ্রাহক কর্তৃক জমা করা না হলে তা উপযুক্ত কারণ দর্শিয়ে গ্রাহকের আবেদনক্রমে নির্ধারিত হারে (৩০০/-, ৫০০/-, ১০০০/-, ২০০০/-, ৩০০০/-, ৪০০০/- ও ৫০০০/- টাকার কিস্তির ক্ষেত্রে প্রতি কিস্তি খেলাপের জন্য যথাক্রমে ৬/-, ১০/-, ২০/-, ৪০/-, ৬০/-, ৮০/- ও ১০০/- টাকা ) সুদসহ বকেয়া কিস্তি জমাদান করা হলে হিসাবটি পুন:বৈধ করা যাবে।

খ) এইরূপ হিসাব খোলার এক বছর পর সর্বোচ্চ চার মাসের কিস্তি (পর পর অথবা বিভিন্ন মাসে) জমা না হলে উপযুক্ত কারণ দর্শিয়ে গ্রাহক কর্তৃক আবেদন করা হলে এবং নির্ধারিত হারে সুদসহ বকেয়া কিস্তি জমাদান করা হলে হিসাবটি পুন:বৈধ করা যাবে।

গ) সাত বছর মেয়াদের এই হিসাবের ক্ষেত্রে গ্রাহক মোট সাতবার উপরোক্ত 'ক' ও 'খ' ক্রমিকে বর্ণিত সুবিধা পাবেন।

ঘ) কোন হিসাবের মেয়াদ পূর্তির পর যদি দেখা যায় যে হিসাবটিতে কোন কোন মাসের কিস্তি আদৌ জমা হয়নি, এরূপ জমা না হওয়া কিস্তির সংখ্যা সর্বোচ্চ চারটি পর্যন্ত হলে উপযুক্ত কারণ দর্শিয়ে গ্রাহক কর্তৃক আবেদন করা হলে এবং নির্ধারিত হারে মেয়াদ পূর্তির সময় পর্যন্ত সুদসহ বকেয়া কিস্তি জমাদান করা হলে হিসাবটি পুন:বৈধ হবে এবং মেয়াদান্তে হিসাবধারীর প্রাপ্য অর্থ প্রদান করা যাবে।

ঙ) উপরিল্লিখিত ক, খ, গ ও ঘ ক্রমিকে বর্ণিত সুবিধার পরিপ্রেক্ষিতে শাখা নিয়ন্ত্রণ বিভাগের ০৮.০৯.২০০৮ তারিখের পরিপত্র নম্বর-০২/২০০৮ এর সংগে সংযুক্ত নীতিমালার অনুচ্ছেদ নম্বর ৭ এর ক, খ, গ ও ঘ ক্রমিকে বর্ণিত বিধান পরিপালনের আবশ্যকতা থাকবে না।

০৩। রাকাব সঞ্চয়ী স্কীম (RSS) এর উপর্যুক্ত বিষয় ব্যতিত শাখা নিয়ন্ত্রণ বিভাগের ০৮.০৯.২০০৮ তারিখের শানিবি পরিপত্র নম্বর-০২/২০০৮ এর অন্যান্য শর্তাদি অপরিবর্তিত থাকবে। এ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে এই বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

**অনুমোদনক্রমে-**

০৯/৫/২০১৭
(মোঃ মাসুদ করিম)
উপ-মহাব্যবস্থাপক

পত্র নং-প্রকা/শানিবি-০৮(৪২)/২০১৬-২০১৭/৯০৩(৪৫১) তারিখ ঃ ০৯ মে, ২০১৭।

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। মহাব্যবস্থাপক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৮। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৯। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
১১। ব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/এলপিও, রাজশাহী।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ।
১৩। সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। জনসংযোগ কর্মকর্তা, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১৫। অফিস নথি/মহানথি।

০৯.০৫.২০১৭
(শামীমা ফেরদৌস শিমুল)
উর্ধতন মুখ্য কর্মকর্তা